

আদিম দস্ত

আদিম আকাঙ্ক্ষা গুহার বাইরে অপেক্ষা করে
চিতাবহিমাণ।
পাথরে পাথরে শুয়ে থাকে, চেয়ে থাকে
রিক্ত, সন্দিহান।
হাসনুহানার সাদা বন্যায় পঙ্কিলতা ছোট
দলে দলে, নির্মম।
প্রজাপতির পাখা কাঁপে আর ওড়ে।
কুণ্ঠিত আপন রঙ, লোভ।
পাথরে ঠুকে ঠুকে জ্বলন্ত শিশুগুলি
বোবা, রক্তিম।
লিওনার্দর সাপারে বসে আদিম ঙ্গ।

ম্যাজিক শো

একি খেয়াল না পাগলামি নাকি খেলা?
এই যে পাগল চোখে স্বপ্ন দেখা আর
স্বপ্ন ভেঙে ফেলা?
চোখ বন্ধ করে সময় পেরিয়ে যায়
আলোর নীচে মাথা রেখে একটানা ভেসে যাই
আবার চেয়ে থাকব
আবার বলতে পারব কালপুরুষ আজও আছে।

আমি চেয়ে থাকব
অশ্রুপৃষ্ঠে তুমি ছুটবে
হঠাৎ পাশ থেকে টেনে নেবে আর
আমার স্বপ্ন ভেঙে যাবে।
ম্যাজিক শো এবার ভাঙল তাহলে।